

ন্যাশনাল টিউবস লিমিটেড

১৩১-১৪২, টঙ্গী শিল্প এলাকা
টংগী, গাজীপুর

৪১ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা ন্যাশনাল টিউবস লিমিটেড (এনটিএল)-এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে কোম্পানির ৪১তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৭ ডিসেম্বর, ২০২১ রোজ সোমবার, বিকাল ০৩.০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম <https://ntl.virtualagmbd.com> লিংকে অনুষ্ঠিত হবেঃ

- ১। ৩০ জুন, ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালনা পর্ষদের বার্ষিক প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন;
- ২। ৩০ জুন, ২০২১ তারিখে সমাপ্ত অর্থবছরের লভ্যাংশ (ডিভিডেন্ড) ঘোষণা;
- ৩। পরিচালকদের শূন্য পদে পরিচালক মনোনয়ন/নির্বাচন;
- ৪। স্বতন্ত্র পরিচালক নিয়োগ অনুমোদন প্রসংগে;
- ৫। ২০২১-২০২২ অর্থবছরের জন্য কোম্পানির নিরীক্ষক নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ;
- ৬। ২০২১-২০২২ অর্থবছরের জন্য কমপ্লায়েন্স অডিটর নিয়োগ এবং তাদের ফি নির্ধারণ;
- ৭। সভাপতির অনুমতিক্রমে আলোচনাযোগ্য অন্যান্য বিষয়াদি (যদি থাকে)।

বোর্ডের আদেশক্রমে,
স্বাঃ/-

তারিখঃ ০৫-১২-২০২১

(প্রাণজিৎ পাল)
কোম্পানি সচিব

দৃষ্টব্য:

- ১। রেকর্ড ডেটঃ ০৯ ডিসেম্বর, ২০২১
- ২। সাধারণ সভায় অংশগ্রহণের জন্য অপারগ কোন সদস্য তার পক্ষে সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রয়োজনীয় অংকের রেভিনিউ স্ট্যাম্প সম্বলিত প্রক্সি ফরম কোম্পানির ওয়েবসাইট থেকে (বার্ষিক প্রতিবেদনে সংযুক্ত) সংগ্রহ করে কারখানাস্থ শেয়ার অফিসে অথবা ntl.bsec.acco@gmail.com এই মেইলে সভার নির্ধারিত সময়ের ৪৮ ঘন্টা পূর্বে অর্থাৎ ২৫-১২-২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে অবশ্যই জমা দিতে হবে। কোম্পানি/করপোরেশন তাদের মনোনীত প্রতিনিধির মাধ্যমে সভায় অংশ গ্রহণ করতে পারবে।
- ৩। কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশন-এর ১১৯ ধারা অনুযায়ী এক-তৃতীয়াংশ অর্থাৎ ২(দুই) পরিচালক অত্র বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন। আর্টিকেলস এর ১২০ ধারা অনুযায়ী পরিচালক পদে যিনি জ্যেষ্ঠতম তিনি অবসর গ্রহণ করবেন। গুপ 'এ' এর শূন্য পদ দুইটিতে দুইজন পরিচালক উক্ত গুপের শেয়ারহোল্ডার (বিএসইসি) কর্তৃক মনোনীত হবেন।
- ৪। গুপ-'বি' শেয়ারহোল্ডারদের মধ্যে পরিশোধিত মূলধনের ন্যূনতম ২% শেয়ারধারী আগ্রহী শেয়ারহোল্ডারগণকে পরিচালক পদে নির্বাচিত/মনোনীত হওয়ার লক্ষ্যে যোগ্য ও ইচ্ছুক প্রার্থীগণকে কারখানাস্থ শেয়ার অফিসে সভা অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অর্থাৎ ২০-১২-২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে মনোনয়নপত্র দাখিল করতে হবে। মনোনয়ন ফরম কোম্পানির ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।
- ৫। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৮/এডমিন/ ৮১ তাং ২০ জুন ২০১৮ অনুযায়ী কোম্পানির ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন সিডিবিএল থেকে রেকর্ড ডেটে প্রাপ্ত সম্মানিত শেয়ারহোল্ডারদের ইমেল ঠিকানায় প্রেরণ করা হবে। এছাড়া কোম্পানির ওয়েবসাইটে (www.ntl.gov.bd) বার্ষিক প্রতিবেদনে যথা সময়ে পাওয়া যাবে।
- ৬। বার্ষিক সাধারণ সভার লগ-ইন প্রসেসের উল্লিখিত লিংকের বিস্তারিত ওয়েবসাইটে পাওয়া যাবে এবং রেকর্ড ডেটে প্রাপ্ত সম্মানিত শেয়ারহোল্ডারদের ইমেল ঠিকানায় প্রেরণ করা হবে। সদস্যবৃন্দ সভা অনুষ্ঠানের ২৪ ঘন্টা পূর্বে লিংকে প্রবেশ করে তাদের মূল্যবান মতামত প্রকাশ করতে পারবেন। ভার্সুয়াল মিটিং-এ অংশগ্রহণের জন্য কোন টেকনিক্যাল এসিসটেন্সের (যদি প্রয়োজন হয়) জন্য কোম্পানির ওয়েবসাইট ভিজিটের অনুরোধ করা হলো।